# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ লেনদেন ও ব্যবসা-বাণিজ্য

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

আমি এক প্রতিষ্ঠানের ম্যানেজার বা সুপারভাইজার। আমার আন্ডারে অনেক লোক চাকরি করে। কিছু লোক ডিউটিতে ফাঁকি দেওয়ার জন্য মিথ্যা ওজর পেশ করে ছুটি নেয়। তাদেরকে ছুটি দেওয়া কি আমার জন্য বৈধ?

আপনি একজন দায়িত্বশীল অফিসার। যখন আপনি জানবেন যে, বাস্তবেই তাদের ওজর মিথ্যা, তখন তাদেরকে ছুটি দেওয়া এবং প্রতিষ্ঠানের কাজের ক্ষতি করা আপনার জন্য বৈধ নয়। কারণ তা এক প্রকার খেয়ানত এবং খেয়ানতের সহযোগিতা। আর মহান আল্লাহ বলেছেন, “হে বিশ্বাসীগণ! জেনে শুনে আল্লাহ ও তাঁর রাসুলের সাথে বিশ্বাস ভঙ্গ করো না এবং তোমাদের পরস্পরের আমানত (গচ্ছিত দ্রব্য) সম্পর্কেও নয়।” (আনফালঃ ২৭)

“নিশ্চয় আল্লাহ তোমাদেরকে নির্দেশ দিচ্ছেন যে, আমানত তাঁর মালিককে প্রত্যপণ। করবে। (নিসাঃ ৫৮)

আর আল্লাহর নবী (সঃ) “প্রতিটি মানুষই দায়িত্বশীল। সুতরাং প্রত্যেকই অবশ্যই তাঁর অধীনস্থদের দায়িত্বশীলতার বিষয়ে জিজ্ঞাসিত হবে। দেশের শাসক জনগণের দায়িত্বশীল। সে তাঁর দায়িত্বশীলতার ব্যাপারে জবাবদিহি করবে। একজন পুরুষ তাঁর পরিবারের দায়িত্বশীল। অতএব সে তাঁর দায়িত্বশীলতার বিষয়ে জিজ্ঞাসিত হবে। স্ত্রী তাঁর স্বামী ও সন্তানের দায়িত্বশীল। কাজেই সে তাঁর দায়িত্বশীলতার বিষয়ে জিজ্ঞাসিত হবে। তোমরা প্রত্যেকেই দায়িত্বশীল। অতএব প্রত্যেকেই নিজ নিজ অধীনস্থের দায়িত্বশীলতাঁর ব্যাপারে জিজ্ঞাসিত হবে।” (বুখারি ও মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2260

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন